গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-১
www.lawjusticediv.gov.bd

নম্বর- ১০.০০.০০০০.১২৫.৯৯.০০২.১৭.৫৩৩

তারিখ: ০১ শ্রাবণ ১৪৩১ / ১৬ জুলাই ২০২৪

বিষয় : বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন কর্তৃক গৃহীতব্য ১৭শ বিজেএস পরীক্ষা, ২০২৪-এর লিখিত পরীক্ষায় বিশেষ পরিদর্শক হিসেবে ০৩ (তিন) জন মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেটকে দায়িত্ব প্রদান।

সূত্র : স্মারক নং ১জে-৮/২০২০-৬৩৬৫ জে, তারিখ : ১৫/০৭/২০২৪, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।

উপযুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন কর্তৃক গৃহীতব্য বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস ১৭শ বিজেএস পরীক্ষা, ২০২৪-এর লিখিত পরীক্ষা আগামী ২০/০৭/২০২৪ তারিখ শনিবার হতে ৩১/০৭/২০২৪ তারিখ বুধবার (২৩/০৭/২০২৪ তারিখ মঙ্গলবার ও ২৬/০৭/২০২৪ শুক্রবার ব্যতীত) প্রত্যহ অপরাহ্ণ ২:৩০ ঘটিকা হতে অপরাহ্ণ ০৫:৩০ ঘটিকা পর্যন্ত সিদ্ধেশ্বরী গার্লস কলেজ ১৪৮, নিউ বেইলী রোড, ঢাকা-১০০০-এ কেন্দ্রে অনুষ্ঠিত হবে। বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে উক্ত লিখিত পরীক্ষা সুষ্ঠুভাবে গ্রহণ ও আইন-শৃংখলা পরিস্থিতি অধিকতর নিশ্চিতকরণের নিমিত্ত বিশেষ পরিদর্শক হিসেবে নিম্নবর্ণিত ০৩ (তিন) জন মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট-কে মনোনয়ন প্রদানসহ পরীক্ষা চলাকালে পরীক্ষা সংক্রান্ত অপরাধসমূহ The Code of Criminal Procedure, 1898 (Act No V of 1898)-এর Section-190 এর sub-section (1) অনুযায়ী আমলে নেওয়া ও সংক্ষিপ্ত পদ্ধতিতে বিচারের জন্য ম্যাজিস্টেরিয়াল দায়িত্ব পালনের নির্দেশ প্রদান করা হলো:

| ক্রমিক | কর্মকর্তাগণের নাম, পদবি ও কর্মস্থল | পরীক্ষার তারিখ | মন্তব্য |
|---|---|---|---|
| ১. | জনাব মাহবুব আহমেদ<br>মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট, ঢাকা | ২০/০৭/২০২৪ হতে<br>২২/০৭/২০২৪ ও ২৪/০৭/২০২৪ | বিশেষ পরিদর্শক (সংক্ষিপ্ত বিচারের ক্ষমতাসহ) |
| ২. | জনাব মোহাম্মদ শেখ সাদী<br>মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট, ঢাকা | ২৫/০৭/২০২৪, ২৭/০৭/২০২৪ ও ২৮/০৭/২০২৪ | -ঐ- |
| ৩. | জনাব মোহাম্মদ নুরুল হুদা চৌধুরী<br>মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট, ঢাকা | ২৯/০৭/২০২৪ হতে ৩১/০৭/২০২৪ | -ঐ- |

২। মনোনীত কর্মকর্তাগণকে যথাসময়ে যথাস্থানে উপস্থিত হয়ে অর্পিত দায়িত্ব পালনের জন্য নির্দেশ প্রদান করা হলো।

৩। বর্ণিত কর্মকর্তাগণ সরকারি নিয়মে পরিদর্শকদের জন্য ধার্যকৃত হারে সম্মানী/পারিতোষিক প্রাপ্ত হবেন।

৪। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

১৬/০৭/২৪

(মোঃ একরামুল হক শামীম)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৫৫১০০৪১২

নম্বর- ১০.০০.০০০০.১২৫.৯৯.০০২.১৭.৫৩৩/১(১৩)

তারিখ: ০১ শ্রাবণ ১৪৩১ / ১৬ জুলাই ২০২৪

সদয় কার্যার্থে ও জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
০২। সচিব, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন, ১৫, কলেজ রোড, ঢাকা।
০৩। চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, ঢাকা।
০৪। চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট, ঢাকা।

০৫। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
০৬। সিনিয়র সহকারী সচিব, বিচার শাখা-৫/বাজেট, আইন ও বিচার বিভাগ।
০৭। জনাব/বেগম.................................................................................................।
০৮। সচিবের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ।
০৯। চীফ অ্যাকাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, কক্ষ নং-৫০৩, ৫ম তলা, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
১০। হিসাব রক্ষণ কর্মকর্তা, আইন ও বিচার বিভাগ।
১১। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
১২। গার্ড ফাইল।
১৩। অফিস কপি।

২৫/০৭/২৪

(মোঃ একরামুল হক শামীম)
সিনিয়র সহকারী সচিব